

## ■ রিয়ায়ুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৭৭]

৮/ বিভিন্ন নেক আমলের ফয়েলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৯৩: ফরয নামাযসমূহের প্রতি যত্নবান হওয়ার নির্দেশ এবং তা ত্যাগ করা সম্বন্ধে কঠোর নিষেধ ও চরম ভূমিক

(193) بَابُ الْأَمْرِ بِالْمُحَافَظَةِ عَلَى الصَّلَوَاتِ الْمَكْتُوبَاتِ وَالنَّهِيِّ الْأَكِيدِ وَالْوَعِيدِ الشَّدِيدِ فِي

تَرْكِهِنَّ

আরবী

وَعَنْ مُعَاذِ رضي الله عنه، قَالَ: بَعَثَنِي رَسُولُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ، فَقَالَ: «إِنَّكَ تَأْتِي قَوْمًا مِنْ أَهْلِ الْكِتَابِ، فَادْعُهُمْ إِلَى شَهَادَةِ أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ، وَأَنِّي رَسُولُ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَإِنْ هُمْ أَطَاعُوا لِذَلِكَ، فَأَعْلَمُهُمْ أَنَّ اللَّهَ تَعَالَى افْتَرَضَ عَلَيْهِمْ خَمْسَ صَلَوَاتٍ فِي كُلِّ يَوْمٍ وَلَيْلَةٍ، فَإِنْ هُمْ أَطَاعُوا لِذَلِكَ، فَأَعْلَمُهُمْ أَنَّ اللَّهَ تَعَالَى افْتَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ فَتَرَدُّ عَلَى فُقَرَائِهِمْ، فَإِنْ هُمْ أَطَاعُوا لِذَلِكَ، فَإِيَّاكَ وَكَرَائِمَ أَمْوَالِهِمْ، وَاتَّقِ دَعْوَةَ الْمَظْلُومِ، فَإِنَّهُ لَيْسَ بَيْنَهَا وَبَيْنَ اللَّهِ حِجَابٌ». متفقٌ عَلَيْهِ

বাংলা

৮/১০৮৪। মু'আয ইবনে জাবাল রাদিয়াল্লাহু আন্হ হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ইয়ামেন পাঠালেন ও বললেন, “নিশ্চয় তুমি কিতাব ধারী সম্প্রদায়ের কাছে যাত্রা করছ। সুতরাং তুমি তাদেরকে এই কথার প্রতি আহ্বান জানাবে যে, তারা সাক্ষ্য দেবে, আল্লাহ ব্যতীত কোন সত্য উপাস্য নেই এবং আমি আল্লাহর রাসূল। যদি তারা ঐ প্রস্তাব গ্রহণ করে নেয়, তাহলে তাদেরকে জানিয়ে দেবে যে, আল্লাহ তাঁ'আলা তাদের প্রতি দিবারাত্রে পাঁচ ওয়াক্ত নামায ফরয করেছেন।

যদি তারা এ কথাটিও মেনে নেয়, তাহলে তাদেরকে অবহিত করবে যে, মহান আল্লাহ তাদের (ধনীদের) উপর যাকাত ফরয করেছেন যা তাদের ধনী ব্যক্তিদের নিকট থেকে গ্রহণ করা হবে এবং তাদের গরীব মানুষের মধ্যে বিতরণ করা হবে। যদি তারা এই আদেশটিও পালন করতে সম্মত হয়, তাহলে তুমি (যাকাত আদায়ের সময়) তাদের উৎকৃষ্ট মাল-ধন হতে বিরত থাকবে এবং মজলুম (অত্যাচারিত) ব্যক্তির বদ্বুত্বা থেকে দূরে থাকবে। কেননা, তার ও আল্লাহর মধ্যে কোনো পর্দা থাকে না।” (বুখারী ও মুসলিম)[1]

## English

(193) Chapter: Strict Orders for Observance of Obligatory Salat

Mu'adh (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) sent me as a governor to Yemen and (at the time of departure) he instructed me thus: "You will go to people of the Scripture (i.e., the Jews and the Christians). First of all invite them to testify that La ilaha ill Allah (There is no true god except Allah) and that Muhammad (ﷺ) is His slave and Messenger; and if they accept this, then tell them that Allah has enjoined upon them five Salat (prayers) during the day and night; and if they accept it, then tell them that Allah has made the payment of Zakat obligatory upon them. It should be collected from their rich and distributed among their poor; and if they agree to it, don't take (as a share of Zakat) the best of their properties. Beware of the supplications of the oppressed, for there is no barrier between it and Allah."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith has already been mentioned and is repeated here to emphasize the importance of obligations and their meticulous performance. See Hadith No. 290.

### ফুটনোট

[1] সহীলুল বুখারী ১৩৯৫, ১৪৫৮, ১৪৯৬, ২৪৮৮, ৮৩৪৭, ৭৩৭১, ৭৩৭২, মুসলিম ১৯, তিরমিয়ী ৩২৫, ২০১৪, নাসায়ী ২৪৩৫, আবু দাউদ ১৫৮৪, ইবনু মাজাহ ১৭৮৩, আহমাদ ২০৭২, দারেমী ১৬১৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=25274>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন